

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন অমানবীর হেসেনে মানিক মিয়া

আইটি খাতে কর্মসংস্থানের লক্ষ্যে বিনামূল্যে প্রশিক্ষণ

⌚ ১১ সেপ্টেম্বর, ২০১৭ ইং ০০:০০ মি:



ক্ষিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেপ) প্রকল্পের আওতায় বাংলাদেশ ব্যাংকের তত্ত্বাবধানে ন্যাশনাল ইনসিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি) এবং ন্যাশনাল ইনসিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি ট্রেনিং প্রোগ্রাম (এনআইটিটিপি) ২০১৭-১৮ অর্থবছরে মোট ৯৫০ জনকে আইটি বিষয়ে বিনামূল্যে প্রশিক্ষণ দেবে। শুধু ঢাকা বিভাগে এই প্রশিক্ষণ দেওয়া হবে। ক্ষিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেপ) প্রকল্পের প্রশিক্ষণ কোর্স সমন্বয়কারী মো. রিয়াদ হোসেন জানান, প্রফেশনাল ফ্রিল্যান্সিং (আপক্ষিল), গ্রাফিকস ডিজাইন (আপক্ষিল) ও ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট—এ তিনটি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রফেশনাল ফ্রিল্যান্সিং ও গ্রাফিকস ডিজাইন—এ দুটি বিষয়ের কোর্সের মেয়াদ তিন মাস এবং ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট বিষয়ে কোর্সের মেয়াদ ছয় মাস। ভর্তির যোগ্যতা এইচএসসি। প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিকস ডিজাইন—এ দুটি বিষয়ের জন্য প্রার্থীর বয়স হতে হবে ২০-৪৫-এর মধ্যে। ওয়েবসাইট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্টের জন্য বয়স ১৮-৪৫ বছর। ভর্তিতে অগ্রাধিকার পাবেন মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীরা, সুবিধাবণ্ডিত নারী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রার্থীরা। আবেদনপত্র পাওয়া যাবে ওয়েবসাইটে। অনলাইনেও আবেদনপত্র পূরণ ও জমা দেওয়া যাবে। এছাড়া আবেদনপত্র সংগ্রহ করা যাবে এনআইইটির অফিস থেকেও। ফরম পূরণ করে জমা দেওয়া যাবে এনআইইটিসহ সংশ্লিষ্ট অফিসে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের বাচাই করা হবে। লিখিত পরীক্ষায় কম্পিউটার বেসিক বিষয়ে প্রশ্ন করা হবে। মৌখিক পরীক্ষায় প্রার্থীর কম্পিউটার বিষয়ে প্রাথমিক ধারণাসহ অন্যান্য দিক এবং ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার চালনায় অভিজ্ঞতা কর্তৃতুকু আছে, তা দেখে প্রার্থী বাচাই করা হবে। এ ক্ষেত্রে যোগাযোগ করা যাবে ৬৯/ই গ্রিন রোড, পাস্তপথে অবস্থিত এনআইইটি ক্যাম্পাসে। এছাড়া আরও

জানতে ফোন করা যাবে এই নম্বরে ০১৯৫৫৫২৯৭০। প্রশিক্ষণের জন্য কোনো ফি গুণতে হবে না; বরং প্রশিক্ষণ শেষে পাওয়া যাবে ভাতা। সাধারণ কোটার প্রার্থীরা কোর্স শেষে ৩০০০ টাকা ভাতা হিসেবে পাবে। তবে মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রশিক্ষণার্থী সব মিলিয়ে ৭০০০ টাকা ভাতা পাবেন। এছাড়া প্রফেশনাল ফ্রিল্যান্সিং, প্রাফিকস ডিজাইন—এ দুটি বিষয়ের প্রশিক্ষণার্থীরা পাবেন বিনামূল্যে আবাসন সুবিধা। এ দুই কোর্সের প্রশিক্ষণার্থীদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান। প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়ন করে দেওয়া হবে বাংলাদেশ ব্যাংক ও এনআইইটির সনদ। সফলভাবে কোর্স শেষ করতে পারলেই মিলবে চাকরি।

দেশে আইটি খাতে প্রচুর দক্ষ জনবলের চাহিদা রয়েছে। এ প্রশিক্ষণ শেষে দক্ষরা নিজেরাই ফ্রিল্যান্সিংয়ের মাধ্যমে আয় করতে পারবে। এছাড়া আইটি খাতে অনেক চাকরির সুযোগ রয়েছে দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে। প্রশিক্ষণ শেষে আইটি বিষয়ে চাকরি পেতেও সহায়তা করবে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানটি। উদ্যোক্তা হতে চাইলে ঋণপ্রাপ্তিতেও সহায়তা করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত